

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ অবিবাহিত ব্যক্তিদের জন্য জায়েয আছে, জামা'আত হয় এমন মসজিদে ঘুমানো

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْعَزَبِ أَنْ يَنَامَ فِي مَسَاجِدِ الجماعات

আরবী

1654 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّقَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّقَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ قَالَ: أَخْبَرَنِي حمزة بن عبد الله بن عمر قال: قَالَ ابْنُ عُمَرَ: كُنْتُ أَبِيتُ فِي مَسْجِد رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَكُنْتُ فَتَى شَابًا عَزَبًا وَكَانَتِ الْكِلَابُ تَبُولُ وتُقْبِلُ وتُدْبِرُ فِي الْمَسْجِدِ فَلَمْ يَكُونُوا يَرُشُون شَيْئًا من ذلك وكَانَتِ الْكِلَابُ تَبُولُ وتُقْبِلُ وتُدْبِرُ فِي الْمَسْجِدِ فَلَمْ يَكُونُوا يَرُشُون شَيْئًا من ذلك الراوي: عبد الله بن عمر ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1654 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (408)

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُ ابْنِ عُمَرَ: وَكَانَتِ الْكِلَابُ تَبُولُ يُرِيدُ بِهِ خَارِجًا مِنَ الْمَسْجِدِ وَتُقْبِلُ وَتُدبِرُ فِي الْمَسْجِدِ شَيْئًا.

বাংলা

১৬৫৪. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি মাসজিদে নববীতে রাত্রি যাপন করতাম এসময় আমি ছিলাম অবিবাহিত যুবক। কুকুরগুলো (মাসজিদের বাইরে) পেশাব করতো, তারপর সেগুলো মাসজিদে যাতায়াত করতো। কিন্তু সাহাবীগণ এতে ঐ জায়গায় কোন পানি ছিটা দিতেন না।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমার বক্তব্য "কুকুরগুলো পেশাব করতো" এর দ্বারা উদ্দেশ্য হলো মাসজিদের বাইরে পেশাব করতো। তারপর সেগুলি মাসজিদে আসা-যাওয়া করতো। ফলে সাহাবীগণ কুকুরদের এমন অবস্থায় মাসজিদে আসা-যাওয়ার করার কারণে তার উপর কোন পানির ছিটা দিতেন না।"



ফুটনোট

[1] আবূ দাউদ: ৩৮২; বাগাবী: ২৯২; সুনান বাইহাকী: ২/৪২৯; মুসনাদ আহমাদ: ২/৭০-৭১; সহীহ আল বুখারী: ১১২১; তিরমিযী: ৩২১; নাসাঈ: ২/৫০; ইবনু মাজাহ: ৭৫১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন